

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
গেজেট অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ চৈত্র ১৪২৭ বঃ/২১ মার্চ ২০২১ খ্রিঃ

বিষয়: শহীদ বুদ্ধিজীবী এর সংজ্ঞা নির্ধারণ।

নং ৪৮.০০.০০০০.০০৪.৩৭.৪৯৯.১৭/১৫৫—শহীদ বুদ্ধিজীবীদের তালিকা প্রণয়ন করার জন্য গঠিত কমিটির সুপারিশের আলোকে প্রকৃত শহীদ বুদ্ধিজীবীদের একটি নির্ভরযোগ্য ও গ্রহণযোগ্য তালিকা প্রণয়নের লক্ষ্যে “শহীদ বুদ্ধিজীবী” এর সংজ্ঞা নিম্নরূপ নির্ধারণ করা হলো :

“ যে সকল সাহিত্যিক, দার্শনিক, বিজ্ঞানী, চিত্রশিল্পী, শিক্ষক, গবেষক, সাংবাদিক, আইনজীবী, চিকিৎসক, প্রকৌশলী, স্থপতি, ভাস্কর, সরকারি ও বেসরকারি কর্মচারী, রাজনৈতিক, সমাজসেবী, সংস্কৃতিসেবী, চলচ্চিত্র, নাটক, সংজ্ঞীত ও শিল্পকলার অন্যান্য শাখার সাথে সংশ্লিষ্ট ব্যক্তি তাদের বুদ্ধিবৃত্তিক কর্মের মাধ্যমে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন এবং পাকিস্তানী দখলদার বাহিনী, কিংবা তাদের সহযোগীদের হাতে শহীদ কিংবা চিরতরে নিখোঁজ হয়েছেন, তারা শহীদ বুদ্ধিজীবী”। সারা দেশের জন্য সময়কাল ২৫শে মার্চ ১৯৭১ থেকে ১৬ই ডিসেম্বর ১৯৭১। তবে ঢাকা জেলার ক্ষেত্রে ৩১শে জানুয়ারি ১৯৭২ তারিখ পর্যন্ত।

০৩। জনস্বার্থে প্রজ্ঞাপনটি জারি করা হলো এবং উহা অবিলম্বে কার্যকর হবে।

রথীন্দ্র নাথ দত্ত

উপসচিব (গেজেট)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ৭৫১১ )

মূল্য : টাকা ৪.০০